গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নড়াইল সদর , নড়াইল
www.narailsadar.narail.gov.bd

## উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জানুয়ারি, ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : শারমিন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল

তারিখ : ৩১ জানুয়ারি, ২০২৪
সময় : বেলা-১২.৩০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, নড়াইল সদর, নড়াইল

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য

নড়াইল সদর উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক থাকায় সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর গত ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্য-বিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। সভায় অধিকাংশ সদস্য উপস্থিত থাকায় সন্তোষ প্রকাশ করা হয় এবং আগামী সভায় সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন :

৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ সংশ্লিষ্ট বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক স্ব-স্ব কার্যক্রম গ্রহণ করেছেন মর্মে সভাকে অবহিত করা হয়। অত:পর সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

অপরাধ চিত্র : নড়াইল সদর উপজেলার ডিসেম্বর, ২০২৩ মাসের সংঘটিত অপরাধ চিত্রের তুলনামূলক বিবরণী নিম্নরূপ:

| মাসের নাম | ডাকাতি | দস্যুতা | সিদেল চুরি | চুরি | খুন | দাংগা | দ্রুত বিচার আইন | অপ হরণ | নারী নির্যাতন/ পাচার | মাদক দ্রব্য | চোরা চালান | গবাদি পশু চুরি | অস্ত্র আইন | পুলিশ আক্রান্ত | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| জানুয়ারি ২০২৩ | ০০ | ০০ | ০ | ৪ | ০ | ০০ | ০০ | ০ | নির্যাতন-৬<br>ধর্ষণ-১<br>পাচার-০<br>অন্যান্য-৩ | ৭ | ০০ | ০০ | ০০ | ০০ | ১৫ | ৩০ |
| ডিসেম্বর ২০২৩ | ০০ | ০০ | ০৩ | ০ | ০০ | ০০ | ০০ | ০০ | নির্যাতন-১<br>ধর্ষণ-০<br>পাচার-০<br>অন্যান্য-০ | ১৬ | ০০ | ০০ | ০০ | ০০ | ১৫ | ৩৫ |
| জানুয়ারি ২০২৪ | ০০ | ০০ | ০১ | ০১ | ০০ | ০০ | ০০ | ০০ | নির্যাতন-২<br>ধর্ষণ-০<br>পাচার-০ | ০৯ | ০০ | ০০ | ০০ | ০০ | ১৩ | ২৬ |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **নড়াইল সদর উপজেলায় সংঘটিত অপরাধ চিত্রঃ**<br>অফিসার-ইন-চার্জ, নড়াইল সদর থানা সভায় জানান যে, জানুয়ারি, ২০২৪ মাসে নড়াইল থানায় বিভিন্ন ধরণের ২৬টি মামলা দায়ের হয়। মামলাসমূহের মধ্যে ডাকাতি-০০টি, দস্যুতা-০০টি, খুন-০০ টি, মাদকদ্রব্য ০৯টি, অপহরণ-০টি, নারী নির্যাতন (নারী নির্যাতন-০২টি, পাচার-০০, ধর্ষণ-০০টি, না:শিশু-০০) মোট ২টি, সিদেল চুরি -০১টি, চুরি-০১টি,গবাদি পশু-০০ টি, দ্রুত বিচার আইন এবং অন্যান্য-১৩টি, পুলিশ আক্রান্ত-০০টি মামলা দায়ের হয়। তিনি সভায় আরও জানান যে, এ মাসে মামলার সংখ্যা গত মাসের তুলনায় কম এবং সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমানে ভালো। তিনি জেলা পুলিশ ও থানা পুলিশের সঙ্গে টেলিফোনে অভিযোগ জানানোর জন্য সকলকে অনুরোধ করেন। বিভিন্ন ধরণের গুরুতর অপরাধ সংক্রান্ত মামলা তুলনামূলকভাবে কম হওয়ায় মাননীয় পুলিশ সুপার, নড়াইল মহোদয়, অফিসার-ইন-চার্জ, নড়াইল সদর থানা, নড়াইল এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সংঘটিত অপরাধসমূহের তদন্ত কার্য দ্রুত সম্পন্ন করে আদালতে প্রতিবেদন প্রেরণ, চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার এবং এ উপজেলায় অপরাধ দমন /প্রতিরোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার জন্য অনুরোধ জানানো হয়। | ১। অফিসার-ইন-চার্জ নড়াইল থানা<br><br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), নড়াইল সদর, নড়াইল |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২ | **সার্বিক আইন-শৃঙ্খলা সংক্রান্ত:** অফিসার-ইনচার্জ, নড়াইল সদর উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক/সমুন্নত রাখতে সকলের সহযোগিতা কামনা করেন এবং কোথাও আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি ঘটার কোন সম্ভাবনা থাকলে তাৎক্ষণিকভাবে সে বিষয়ে তার মোবাইলে জানানোর জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, সমাজে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ করতে পারলে আইন-শৃংখলা পরিস্থিতি ভালো থাকবে। তিনি আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক পর্যায়ে রাখতে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে অফিসার-ইন-চার্জ, নড়াইল থানা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। সভায় উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান যে, তাঁদের স্ব স্ব ইউনিয়নে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো । সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে নড়াইল সদর উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি সমুন্নত রাখতে এবং চুরি-ডাকাতি ও ছিনতাই রোধকল্পে পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার-ইন-চার্জ, নড়াইল থানাকে অনুরোধ জানানো হয়। এছাড়া সমাজে দুষ্কৃতি/জঙ্গীরা যাতে সন্ত্রাস ও নাশকতা সৃষ্টি করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অফিসার-ইন-চার্জ, নড়াইল থানাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। এছাড়া নড়াইল সদর উপজেলায় আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে এবং দুষ্কৃতি/জঙ্গীদের ধংসাত্মক ও নাশকতামূলক কর্মকান্ডের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে সকলকে একযোগে কাজ করার আহবান জানানো হয়। | অফিসার-ইন-চার্জ নড়াইল থানা<br><br>চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ<br><br>আইন-শৃংখলা কমিটির সকল সদস্য |
| ৩ | **মাদকদ্রব্য ও মোবাইল কোর্ট সংক্রান্ত:** নড়াইল সদর থানার অফিসার-ইন-চার্জ (তদন্ত) জানান যে মাদকদ্রব্য অপব্যবহারের বিরুদ্ধে জিরো টলারেন্স নিয়ে কাজ করা শুরু করেছেন। তিনি আরও জানান মাদক ব্যবসায়ী ও মাদক সেবীদের গ্রেফতারসহ মাদকের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা অব্যাহত আছে। এছাড়া তিনি জানান যে বিশ্বস্ত সূত্রে জানা যায় নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়ের পূর্বপার্শ্বে, আলাদাতপুর চিত্রা নদীর পাড়, নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়ের খেলার মাঠের ব্যায়ামাগারের পার্শ্বে, উপজেলা প্রাণিসম্পদ অফিসের ভিতরে, এস. এম. সুলতান ব্রীজের আশ-পাশে, বিদ্যুৎ অফিসের উত্তর পার্শ্বে এবং রুপগঞ্জ হ্যালিপ্যাডের আশপাশে মাদকসেবীরা মাদক সেবন করে থাকে। সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণ জানান যে, নড়াইল শহরসহ বিভিন্ন ইউনিয়ন এবং উপজেলার বিভিন্ন অঞ্চলে গাঁজা, ফেন্সিডিল, হিরোইন, ইয়াবাসহ অন্যান্য মাদকদ্রব্য সেবন ও বেচাকেনা হয়। মাদকদ্রব্যের অপব্যবহার নিয়ন্ত্রণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, সড়ক পরিবহন আইন, বিশুদ্ধ খাদ্য আইনসহ অন্যান্য আইনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সহকারী কমিশনার (ভূমি), নড়াইল সদরসহ সংশ্লিষ্টকে অনুরোধ করা হয়। মাদকদ্রব্য সেবন ও বেচা-কেনার স্পটগুলিতে নিয়মিত পুলিশি অভিযান পরিচালনাসহ চিহ্নিত মাদকসেবী ও মাদক ব্যবসায়ীদের গ্রেফতার করে তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের জন্য অফিসার-ইন-চার্জ, নড়াইল থানাকে অনুরোধ জানানো হয়। এছাড়া মাদকদ্রব্যের অপব্যবহারের বিরুদ্ধে নিয়মিত অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা ও যে সমস্ত জায়গায় মাদক সেবন/পান করা হয় ঐ সকল জায়গায় সভা/সেমিনার অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপস্থিত সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীরা যাতে মাদকে আসক্ত না হয় সে ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন সভায় এবং ক্লাসে ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে মাদকের ভয়াবহতা সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সংশ্লিষ্ট শিক্ষকদেরকে অনুরোধ জানানো হয়। মাদকদ্রব্যের অপব্যবহার কঠোরভাবে নিয়ন্ত্রণে রাখতে অভিভাবকদের অধিকতর সচেতন হওয়াসহ পারিবারিকভাবে প্রতিরোধ গড়ে তোলার আহবান জানানো হয়। | সহকারী কমিশনার (ভূমি), নড়াইল সদর<br><br>অফিসার-ইনচার্জ নড়াইল থানা<br><br>সহকারী পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নড়াইল<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর<br><br>উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সকল সদস্য |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪ | **বাল্য বিবাহঃ**<br>বাল্য বিবাহ একটি সামাজিক অভিশাপ। সমাজে বাল্য বিবাহ প্রতিরোধ করা আমাদের সকলের দায়িত্ব। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, তিনি বাল্য বিবাহের আয়োজন হচ্ছে এমন সংবাদ পাওয়ার সাথে সাথে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও অভিভাবকদের সাথে আলোচনা করে জরুরিভিত্তিতে তা বন্ধ করার ব্যবস্থা গ্রহণ করে থাকেন। বাল্য বিবাহের ব্যাপারে শুক্রবার জুমার নামাজের সময় ইমাম সাহেবদের খুতবায় আলোচনা করার অনুরোধসহ সমাজে বাল্যবিবাহ প্রতিরোধ/কমিয়ে আনার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে অপ্রাপ্ত বয়স্ক ছেলে-মেয়েদের বিবাহের আয়োজন না করার জন্য সকল অভিভাবকদেরকে অনুরোধ জানানো হয়। অপ্রাপ্ত বয়স্ক ছেলে-মেয়েদের প্রাপ্ত বয়স হিসেবে জন্ম সনদ না দেয়াসহ ডিজিটাল পদ্ধতির সনদ দেয়ার জন্য মেয়র/ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়। বাল্যবিবাহকে নিরুৎসাহিত/প্রতিরোধের বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বাল্যবিবাহের কুফল সম্পর্কে আলোচনা করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং মসজিদের ইমাম সাহেবদের অনুরোধ জানানো হয়। এছাড়া ম্যারেজ রেজিস্টার/বিবাহ নিবন্ধক এবং পুরোহিতগণ যাতে মেয়েদের ১৮ ও ছেলেদের ২১ বছর বয়সের পূর্বে বিবাহ পড়াতে না পারে সে বিষয়ে তদারকি/মনিটরিং করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। সামাজিক আন্দোলন গড়ে তোলার মাধ্যমে বাল্যবিবাহ প্রতিরোধে সকলকে কাজ করার আহবান জানানো হয়। | মেয়র, নড়াইল পৌরসভা<br>জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নড়াইল<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>চেয়ারম্যান,সকল ইউনিয়ন পরিষদ<br>আইন-শৃঙ্খলা কমিটির সকল সদস্য<br>সভাপতি, উপজেলা ইমাম সমিতি নড়াইল সদর |
| ৫ | উপজেলা শিক্ষা অফিসার/ মাধ্যমিক শিক্ষা অফিসার , নড়াইল সভায় জানান যে, নৈতিক অবক্ষয়রোধে শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা প্রদান, কুইজ প্রতিযোগিতা ও সৃজনশীল পদ্ধতিতে জ্ঞান সঞ্চয়ের জন্য বই পড়ার আগ্রহ সৃষ্টি করার লক্ষ্যে শিক্ষা বিভাগের কার্যক্রম চলমান রয়েছে এবং মা ও অভিভাবক সমাবেশে নিয়মিত উপস্থিত অব্যাহত আছে। শিক্ষার্থীদের গুনাবলী অর্জনে সিলেবাজভুক্ত বই পড়ার পাশাপাশি প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে সরবরাহকৃত সম্পূরক পঠনসামগ্রী নিয়মিত পড়ানো এবং মাস শেষে পঠিত অংশের উপর কুইজ প্রতিযোগিতা অব্যাহত রয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে একটি করে সততা স্টোর চালু করা হলে ও বর্তমানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সততা স্টোরটি বন্ধ দেখা যায়। সকল শিক্ষা প্রতিষ্ঠানে watch এ রাখা যায় এমন একটি কক্ষে সততা স্টোর চালু করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | সকল শিক্ষা প্রতিষ্ঠানে watch এ রাখা যায় এমন একটি কক্ষে সততা স্টোর চালু রাখতে হবে। এছাড়া নৈতিক অবক্ষয়রোধে শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা প্রদান, কুইজ প্রতিযোগিতা ও সৃজনশীল পদ্ধতিতে শিক্ষার্থীদের জ্ঞান সঞ্চয়ের জন্য বই পড়ার আগ্রহ সৃষ্টি করার লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সদর উপজেলার প্রতিটি বিদ্যালয়ে মা ও অভিভাবক সমাবেশ করতে হবে এবং এ সকল কর্মসূচির স্থিরচিত্র ও ভিডিও ধারণ করবেন। | উপজেলা শিক্ষা অফিসার<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ৬ | আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে স্বার্থন্বেষীমহতল যেন বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সে বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয় | আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে স্বার্থন্বেষীমহতল যেন বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সে বিষয়ে আই-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে। | অফিসার-ইনচার্জ নড়াইল থানা, নড়াইল<br>চেয়ারম্যান,সকল ইউনিয়ন পরিষদ |

সভাপতি তার সমাপনী বক্তব্যে বলেন যে, বর্তমানে নড়াইল সদর উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভালো। তিনি আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে এবং চুরি, ডাকাতি ও ছিনতাই রোধকল্পে সর্বত্র পুলিশি টহল বৃদ্ধিসহ দুস্কৃতিকারীদের অপতৎপরতা, নাশকতামূলক কর্মকান্ড ও জঙ্গীবাদ কঠোর হস্তে দমন করার উপর গুরুত্বারোপ করেন। এছাড়া আগামীতেও আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে আরও তৎপর হওয়ার জন্য, নারী ও শিশু পাচার এবং নির্যাতন প্রতিরোধ, ইভটিজিং, বিভিন্ন ধরণের গুজব অপপ্রচার, বাল্যবিবাহ প্রতিরোধ, মাদক আমদানি, বেচাকেনা ও সেবন রোধকল্পে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/০৭/২৪

শারমিন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল
ফোন: ০২৪৭৯৯২২৬৬৪

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫৭৬.০২১.২১.০০১.২৩. ৯৪ (৫০) তারিখ: ৩১ জানুয়ারি, ২০২৪

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৩-নড়াইল-১/ ৯৪-নড়াইল-২
০৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। মহাপুলিশ পরিদর্শক, হেডকোয়ার্টার্স, ঢাকা
০৫। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
০৬। উপ-মহাপুলিশ পরিদর্শক, খুলনা অঞ্চল, খুলনা
০৭। জেলা প্রশাসক, নড়াইল
০৮। পুলিশ সুপার, নড়াইল
০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১০। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল

অনুলিপি-জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১২। অধ্যক্ষ, নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজ, নড়াইল
১৩। মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল
১৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, নড়াইল সদর, নড়াইল
১৫। সহকারী কমিশনার (ভূমি), নড়াইল সদর, নড়াইল
১৬। অফিসার-ইনচার্জ, নড়াইল থানা, নড়াইল
১৭। উপজেলা শিক্ষা অফিসার/মাধ্যমিক শিক্ষা অফিসার/মহিলা বিষয়ক অফিসার/সমাজসেবা অফিসার/ আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইল
১৮। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নড়াইল
১৯। অধ্যক্ষ, নড়াইল ইসলামিয়া ফাজিল মাদ্রাসা/বরাশুলা ক্যাডেট ফাজিল মাদ্রাসা, নড়াইল সদর, নড়াইল
২০। প্রধান শিক্ষক, নড়াইল সরকারি উচ্চ বিদ্যালয়/নড়াইল সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়/পৌর মাধ্যমিক বিদ্যালয়/ভিক্টোরিয়া কলেজিয়েট স্কুল/ বরাশুলা ক্যাডেট মাধ্যমিক বিদ্যালয়, নড়াইল সদর, নড়াইল
২১। চেয়ারম্যান,মাইজপাড়া/হবখালী/চন্ডিবরপুর/আউড়িয়া/শাহাবাদ/তুলারামপুর/সেখহাটী/কলোড়া/সিংগাশোলপুর/ভদ্রবিলা/ বাঁশগ্রাম/বিছালী/মুলিয়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল
২২। প্রশাসক, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, নড়াইল সদর, নড়াইল
২৩। সভাপতি, প্রেস ক্লাব, নড়াইল

৩১/০১/২৪

উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল